গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
www.pwd.gov.bd

নম্বর: ২৫.৩৬.০০০০.২৩২.০৭.৫২৯.২২.৩০০

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত অফিস আদেশ

গণপূর্ত অধিদপ্তরের বিদ্যমান ক্রয় অনুশীলনে ত্রুটি-বিচ্যুতি পরিহার, প্রতিকূলতা ও ঝুঁকি হ্রাস এবং সর্বোপরি ক্রয় প্রক্রিয়া সংশ্লিষ্ট আইনী কাঠামোর যথাযথ প্রতিপালন নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনাসমূহ মেনে চলতে অধিদপ্তরের সকল ক্রয়কারী এবং সংশ্লিষ্ট অপরাপর কর্মকর্তাগণকে অনুরোধ করা হলোঃ

১। প্রায়শ লক্ষ্য করা যাচ্ছে যে, দরপত্রের Eligibility ও Qualification Criteria সমূহ দরপত্র ডকুমেন্টের Tender Data Sheet (TDS) এ উল্লেখ না করে Invitation for Tender (IFT) নোটিশে উল্লেখ করা হচ্ছে অথবা উভয় স্থানে বর্ণনার মধ্যে তারতম্য রয়েছে, যা গ্রহণযোগ্য নয়। দরপত্রের Eligibility ও Qualification Criteria সমূহ পূর্ণাংগরূপে আবশ্যিকভাবে দরপত্র ডকুমেন্টের TDS এ উল্লেখ করতে হবে যার সংক্ষিপ্ত প্রতিফলন IFT তে থাকবে।

২। ইজিপি পোর্টালের মাধ্যমে প্রক্রিয়াকৃত কতিপয় সাম্প্রতিক ক্রয় প্যাকেজসমূহের দরপত্র উন্মুক্তকরণ প্রক্রিয়া ও প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, উন্মুক্তকরণ প্রক্রিয়া সম্পাদনে অস্বাভাবিক দীর্ঘ সময়ক্ষেপণ করা হয়েছে অর্থাৎ ইজিপি পোর্টালে উন্মুক্তকরণের প্রটোকলে বিদ্যমান ধাপসমূহ যেমন Consent for Opening, Report Template Generation, Decryption, Report Signature একসাথে এবং দ্রুততার সাথে সম্পাদন না করে প্রথম ধাপটি করেই ফেলে রাখা হচ্ছে। এই ধরণের অনুশীলন পরিহারপূর্বক উন্মুক্তকরণ কমিটির সদস্যগণ উন্মুক্তকরণের প্রটোকলে বিদ্যমান ধাপসমূহ দ্রুততার সাথে সম্পাদনপূর্বক তাৎক্ষণিকভাবে দরপত্রসমূহ ক্রয়কারীর নিকট প্রেরণ করবেন এবং পরবর্তীতে ক্রয়কারী পিপিআর-২০০৮ এর ৩২ নং বিধিতে বর্ণিত সময়সীমার (অনধিক ২ কার্যদিবস) মধ্যে মূল্যায়ন কমিটির সভাপতির নিকট প্রেরণ করবেন।

৩। ইজিপি পোর্টালের মাধ্যমে প্রক্রিয়াকৃত কতিপয় ক্রয় প্যাকেজসমূহের মূল্যায়ন প্রক্রিয়া ও প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, মূল্যায়ন কমিটির সদস্যগণ দাখিলকৃত দরপত্রসমূহের মূল্যায়নকালে প্রকৃত কারণ উল্লেখ না করেই কোন কোন দরপত্র বাতিল (Reject) করছেন। তাছাড়া অনেকক্ষেত্রে Tender Evaluation Report-1 (TER-1) এবং Tender Evaluation Report-2 (TER-2) প্রনয়নকালে নির্দিষ্ট Eligibility বা Qualification Criteria এর বিপরীতে অসতর্কভাবে Yes/No/Not Applicable প্রয়োগ করে পরবর্তীতে রিপোর্টের শেষে ভিন্নরূপ সুপারিশ করা হচ্ছে। বর্ণিত ত্রুটিসমূহ পরিহারপূর্বক সতর্কতার সাথে দরপত্র বাতিলের কারন স্পষ্টরূপে উল্লেখকরতঃ দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া সম্পাদনের জন্য বলা হলো।

৪। Procurement Good Practice এর অংশ হিসেবে

(ক) ইজিপি পোর্টালে বিদ্যমান রিপোর্টিং এর পাশাপাশি প্রতিটি দরপত্রের সংক্ষিপ্তসার মূল্যায়ন প্রতিবেদন হার্ডকপি ফরম্যাটে মূল্যায়ন কমিটির সদস্যাগণের স্বাক্ষরসহ প্রস্তুতকরতঃ ইজিপি পোর্টালে আপলোড করা প্রয়োজন। উক্তরূপ সংক্ষিপ্তসার মূল্যায়ন প্রতিবেদনে নন-রেস্পন্সিভ দরদাতাগণের অযোগ্যতার কারণ আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

(খ) দরপত্র মূল্যায়নের সর্বশেষ ধাপ Post Qualification প্রক্রিয়ার একটি প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক প্রণয়ন করার নির্দেশনা দেয়া হলো যা মূল্যায়ন কমিটির সদস্যদের স্বাক্ষরান্তে ইজিপি পোর্টালের সংশ্লিষ্ট ট্যাবে আপলোড করতে হবে।

৫। কতিপয় গণপূর্ত বিভাগ কর্তৃক প্রক্রিয়াকৃত সাম্প্রতিক কিছু ক্রয় প্যাকেজসমূহের (উন্মুক্ত ও সীমিত উভয় পদ্ধতিতেই) IFT ও Tender Document পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, উক্ত দরপত্রসমূহে দরদাতাগণ কর্তৃক কাজের সংশ্লিষ্ট সাইট পরিদর্শন এবং উক্ত পরিদর্শনের প্রমানকভিত্তিক সনদ (ন্যূনতম উপ-বিভাগীয় প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তা কর্তৃক প্রদত্ত) দরপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিলের শর্তারোপ করা হচ্ছে। দরপত্র প্রক্রিয়ায় এরূপ অযৌক্তিক ও অপ্রয়োজনীয় শর্তারোপ দরপত্রের প্রতিযোগিতাকে নিরংকুশভাবে সীমিত করে ফেলে। এরূপ অনুশীলন সম্পূর্ণ পরিহারের জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হচ্ছে।

৬। ইজিপি পোর্টালে সীমিত দরপত্র পদ্ধতিতে আহবানকৃত দরপত্রসমূহে নির্দিষ্টকৃত দরদাতাগণের তালিকা তৈরীর জন্য জেলা ম্যাপিং করার প্রয়োজনীয়তা থাকে যাতে স্বাভাবিকভাবে ক্রয়কারীর স্বীয় জেলা এবং অপরাপর জেলার সম্ভাব্য দরদাতাগণকে অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু ক্রয়কারীর স্বীয় জেলাকে বাদ দিয়ে বা অপর কোন উপায়ে অস্বাভাবিকভাবে জেলা ম্যাপিং করা হলে তা দরপত্র প্রতিযোগিতাকে নিরংকুশভাবে সীমিত করে ফেলে যার প্রতিফলন অংশগ্রহণকারী দরদাতা সংখ্যায়ও প্রতীয়মান হয়। এই ধরণের অগ্রহণযোগ্য ও বিধিবহির্ভূত অনুশীলন যাতে দরপত্র প্রতিযোগিতাকে কোন ভাবেই কলুষিত করতে না পারে সেজন্য সংশ্লিষ্ট সকলকে সতর্কতার সাথে জেলা ম্যাপিং করতে নির্দেশ প্রদান করা হলো।

৭। বেশ কিছু ক্ষেত্রে লক্ষ্য করা যাচ্ছে যে, ক্রয়ের ধরণ (Procurement Category: Goods, Works, Consulting Services and Non-Consulting Services) এবং Standard Procurement Document বিবেচনায় না নিয়েই ক্রয় প্রক্রিয়া সম্পাদন করা হচ্ছে, যেমন কোন কোন ক্ষেত্রে পন্য (Goods) কিনতে কার্যের (Works) প্রমিত ডকুমেন্ট দিয়ে কার্য ক্রয় প্রক্রিয়া অনুসরণ করা হচ্ছে অথবা কোন কোন ক্ষেত্রে ভৌত সেবা বা আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োজিত করা হচ্ছে কার্য (Works) ক্রয় প্রক্রিয়া দিয়ে। এতে সরবরাহকারী/ সেবাদাতা মনোনয়নে ভুল হবার পাশাপাশি সঠিক পন্য বা সেবা বাছাইয়েও মারাত্নক ঝুঁকি সৃষ্টি হচ্ছে। উক্তরূপ বিচ্যুতি এড়াতে ক্রয়ের যথাযথ ক্যাটেগরী প্রয়োগ এবং প্রমিত ক্রয় ডকুমেন্ট ব্যবহার নিশ্চিত করার জন্য ক্রয়কারী, ক্রয় পরিকল্পনা অনুমোদনকারী কর্মকর্তা এবং সর্বোপরি অনুমোদনকারী কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো।

৮। বদলী/পদায়ন/অবসরজনিত কারনে কর্মকর্তাগণের মধ্যে দায়িত্ব হস্তান্তরের ঘটনা ঘটলে ইজিপিতে তার প্রতিফলনস্বরূপ সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ/ সার্কেল/ জোন এর PE Admin একাউন্টের Manage Government Users ট্যাবের মাধ্যমে যথাযথভাবে সংশ্লিষ্ট পদের একাউন্ট ট্রান্সফার করতে হয়। কিন্তু সাম্প্রতিক কিছু ঘটনাপ্রবাহে লক্ষ্য করা গেছে যে, ইজিপি একাউন্টধারী কর্মকর্তাগণ যথাযথভাবে ট্রান্সফার না করে একাউন্টের Personal Information ট্যাবে গিয়ে কেবল নাম পরিবর্তনের মাধ্যমে ক্রয় সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণ করছেন, এতে নানাবিধ জটিলতা সৃষ্টির পাশাপাশি ইজিপি পোর্টালের আর্কাইভের তথ্য পরিবর্তনের ঝুঁকি দেখা দিচ্ছে। অনাকাংখিত এরূপ জটিলতা পরিহারে এখন থেকে বদলী/পদায়ন/অবসরজনিত কারনে কর্মকর্তাগণের মধ্যে দায়িত্ব হস্তান্তরের সাথে সাথেই ইজিপি পোর্টালে যথাযথ প্রক্রিয়ায় একাউন্ট ট্রান্সফার করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৯। ইজিপি পোর্টাল ব্যবহারকারী সকল কর্মকর্তাকে স্মরণ করিয়ে দেয়া যাচ্ছে যে, কোন পদে তাদের কর্মকালীন সময়ে স্ব স্ব ইজিপি একাউন্টের লগ-ইন, ব্যবহার, লগ আউট ইত্যাদি জনিত সকল দায়িত্ব এবং দায়ভার কেবলমাত্র তাদের উপরেই বর্তায়। তাই ইজিপি একাউন্টের এবং লিঙ্কড ইমেইলের পাসওয়ার্ডসমূহের গোপনীয়তা, নিরাপত্তা এবং যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনে নির্দেশ প্রদান করা হলো।

সুষ্ঠু ক্রয় অনুশীলনের মাধ্যমে অধিদপ্তরের আওতাধীন অবকাঠামো নির্মাণ ও মেরামত কার্যক্রমের টেকসই বাস্তবায়নের স্বার্থে উপর্যুক্ত দফাসমূহের যথাযথ প্রতিফলন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে -এক প্রস্তে।

...

২১-৯-২০২২

মোহাম্মদ শামীম আখতার
প্রধান প্রকৌশলী
ফোন: ০২-৯৫৬২৭৯৫
ফ্যাক্স: ০২-৯৫৬২৯১৩
ইমেইল: ce@pwd.gov.bd

নম্বর: ২৫.৩৬.০০০০.২৩২.০৭.৫২৯.২২.৩০০/১(১২)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সওস)/ (পওবিপ্র)/ (ই-এম)/ (স্বাস্থ্য উইং)/ (ই-এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রাজশাহী/ রংপুর।

৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, (নগরাঞ্চলের ভবন সুরক্ষা প্রকল্প), পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ৫৬০ মডেল মসজিদ নির্মাণ প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, চিফ জুডিসিয়াল আদালত ভবন নির্মাণ প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংস্থাপন/ পিপিসি/ উন্নয়ন/ পেকু/ মনিটরিং এন্ড অডিট/ ই-এম পিএন্ডডি/ প্রকল্প সার্কেল-১/২/ ডিজাইন সার্কেল-১/ ২/ ই-এম ডিজাইন/ ই-এম প্ল্যানিং/ গণপূর্ত এমআইএস, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১/ ২/ ৩/ ৪, ঢাকা/ সাভার/ রক্ষণাবেক্ষণ/ ই-এম সার্কেল-১/ ২/ ৩/ ৪, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম-১/ ২/ ই-এম চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বগুড়া/ বরিশাল/ খুলনা/ যশোর/ গোপালগঞ্জ/ টাঙ্গাইল/ দিনাজপুর/ পাবনা/ রাঙ্গামাটি।

৮) পরিচালক, পিডব্লিউডি ট্রেনিং একাডেমী, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।

৯) নির্বাহী প্রকৌশলী, সংস্থাপন/ তদন্ত কোষ/ ওএন্ডএম/ পিপিসি/ প্রকল্প বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ডিজাইন বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ পেকু/ অডিট/ মনিটরিং/ ই-এম পিএন্ডডি-১/ ২/ ৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১০) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/ গণপূর্ত বিভাগ-২/ নগর/ আরবরিকালচার/ গণপূর্ত বিভাগ-৩/গণপূর্ত বিভাগ-৪ /ইডেন ভবন/ মেডিকেল/ এসবি নগর-১/ ২/ ৩/ মহাখালী/ মতিঝিল/ আজিমপুর/ সম্পদ, ঢাকা/ নারায়নগঞ্জ/ মুন্সীগঞ্জ/ নরসিংদী/ সাভার/ মিরপুর/ গাজীপুর/ মানিকগঞ্জ/ রক্ষণাবেক্ষণ, ঢাকা/ রক্ষণাবেক্ষণ, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯/ ১০/ ১১/ ই-এম কারখানা/ কাঠের কারখানা/ই-এম পিএন্ডডি, ময়মনসিংহ/ ই-এম পিএন্ডডি, গোপালগঞ্জ/ ই-এম পিএন্ডডি-৩, ঢাকা/ ঢাকা ই-এম প্ল্যানিং-১/ ২/ ৩/ ঢাকা ই-এম এমআইএস-১/ ২/

১১) প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১২) নির্বাহী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস বিভাগ-২, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।